# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২৪১

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৯৮. জানাবাতের গোসল করার নিয়ম

باب الْغُسْلِ مِنَ الْجَنَابَةِ

আরবী

حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ، حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ، ـ يَعْنِي ابْنَ مَهْدِيٍّ ـ عَنْ زَائِدَةَ بْنِ قُدَامَةَ، عَنْ صَدَقَةَ، حَدَّثَنَا جُمَيْعُ بْنُ عُمَيْرٍ، ـ أَحَدُ بَنِي تَيْمِ اللهِ بْنِ ثَعْلَبَةَ ـ قَالَ دَخَلْتُ مَعَ أُمِّي وَخَالَتِي عَلَى عَائِشَةَ فَسَأَلَتْهَا إِحْدَاهُمَا كَيْفَ كُنْتُمْ تَصْنَعُونَ عِنْدَ الْغُسْلِ فَقَالَتْ عَائِشَةُ كَانَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يَتَوَضَّأُ وُضُوءَهُ لِلصَّلاَةِ ثُمَّ يُفِيضُ عَلَى رَأْسِهِ ثَلاَثَ مَرَّاتٍ وَنَحْنُ نُفِيضُ عَلَى رُءُوسِنَا خَمْسًا مِنْ أَجْلِ الضَّفْرِ .

ـ ضعيف جدّا

বাংলা

২৪১। জুমাই’ ইবনু ’উমাইর (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি আমার মা ও খালার সাথে ’আয়িশাহ্ (রাঃ)-এর নিকট গেলাম। তাদের একজন তাঁকে জিজ্ঞাসা করলেন, আপনারা কিভাবে গোসল করতেন? ’আয়িশাহ্ (রাঃ) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রথমে সালাতের অযুর ন্যায় অযু করতেন, এরপর মাথায় তিনবার পানি ঢালতেন। তবে আমরা চুলের খোঁপার বেনীর কারণে পাঁচবার পানি ঢালতাম।[1]

খুবই দুর্বল।

## English

Narrated Aisha, Ummul Mu'minin:

Jumay' ibn Umayr, one of the sons of Banu Taym Allah ibn Tha'labah, said: Accompanied by my mother and aunt I entered upon Aisha. One of them asked her: How did you do while taking a bath? Aisha replied: The

Messenger of Allah (ﷺ) performed ablution (in the beginning) as he did for prayer. He then poured (water) upon his head three times. But we poured water upon our heads five times due to plaits.

## ফুটনোট

[1] ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ জানাবাতের গোসল, হাঃ ৫৭৪), দারিমী (অধ্যায়ঃ গোসল, অনুঃ ঋতুবতীর গোসল করা, হাঃ ১১৪৯), আহমাদ (৯/১৮৮), নাসায়ী ‘সুনানুল কুবরা’ যেমন রয়েছে ‘তুহফাতুল আশরাফ।’ সকলেই সাদাকা ইবনু যাঈদ সূত্রে। সনদের সাদাকা মাকবুল। আর জুবাই ইবনু ‘উমাইর আত-তাইমী সত্যবাদী কিন্তু ভুল করে থাকেন এবং তিনি শিয়া। অনুরূপ বলেছেন ইবনু হাজার ‘আত-তাক্বরীব গ্রন্থে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ জুমায়' ইবনে উমায়ের (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57559

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন